



মাদরাসা পরিদর্শন দফতর  
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

www.iau.edu.bd iauins13@gmail.com

বাড়ি নং-১২৪/২২ ব্লক-এ, সড়ক নং-০৩, ওয়েস্ট ধানমন্ডি, বহিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২০৭।

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”

স্মারক নং- ইআবি/পরি/অধি-নবা/২০১৮/ ৫৮০৭

তারিখঃ ০৫ আষাঢ়, ১৪২৬ বঙ্গাব্দ  
১৯ জুন, ২০১৯ খ্রিস্টাব্দ

### অফিস আদেশ

হাবিবপুর সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ মনসাপুর, উপজেলাঃ হাকিমপুর, জেলাঃ দিনাজপুর-এর ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস অধিভুক্তি নবায়নের বিষয়ে অধ্যক্ষের ২৯.১১.২০১৮ খ্রিঃ তারিখের আবেদন ও ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্তি নবায়ন সংক্রান্ত বিধি অনুযায়ী গঠিত ০১ (এক) সদস্য বিশিষ্ট তদন্ত কমিটির দাখিলকৃত প্রতিবেদনের প্রেক্ষিতে উপাচার্য মহোদয়ের নির্দেশক্রমে মাদরাসাটির ফাজিল (স্নাতক) বি.এ/বি.এস.এস স্তর নিম্নবর্ণিত শর্তে ২৭.০৪.২০১৯ খ্রিঃ থেকে ২৬.০৪.২০২৩ খ্রিঃ তারিখ পর্যন্ত ০৪ (চার) বছরের জন্য অধিভুক্তি নবায়ন করা হলো :

### শর্তসমূহ :

- ১। প্রভাষক (আরবি) ও সহকারী শিক্ষক (শরীর চর্চা) এর শূন্যপদ পূরণ করতে হবে।
- ২। মাদরাসার ক্রয় সংক্রান্ত বিষয়ে PPR অনুসরণ করতে হবে এবং নিয়মিত ক্যাশ বই হালনাগাদ করতে হবে।
- ৩। শ্রেণিকক্ষের সংকট নিরসনের দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে।
- ৪। মাদরাসার অবকাঠামো উন্নয়নে পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- ৫। লাইব্রেরির জন্য পৃথক কক্ষের ব্যবস্থা করে যুগোপযোগী ও রেফারেন্স গ্রন্থ দ্বারা সমৃদ্ধ করে শিক্ষার্থীদের লাইব্রেরিতে অধ্যয়নের সুযোগ দিতে হবে।
- ৬। শ্রেণিকক্ষে শিক্ষার্থীদের উপস্থিতি নিশ্চিত করতে হবে।
- ৭। ফাজিল শ্রেণিতে শিক্ষার্থী সংখ্যা বৃদ্ধি করতে হবে।
- ৮। ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়সহ সংশ্লিষ্ট দপ্তরের নোটিশগুলো মাদরাসার নোটিশ বোর্ডে লাগাতে হবে।
- ৯। শ্রেণিকক্ষে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় সম্পর্কে শিক্ষার্থীদের ধারণা প্রদান করতে হবে।
- ১০। অধিভুক্তির মেয়াদ উত্তীর্ণ হওয়ার কমপক্ষে ০৮ (আট) মাস পূর্বে পুনঃনবায়নের জন্য আবেদন করতে হবে।

উপাচার্য মহোদয়ের অনুমোদনক্রমে

*Sultana*  
19.06.2019

সেকশন অফিসার

মাদরাসা পরিদর্শন দফতর

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।

অধ্যক্ষ

হাবিবপুর সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা

ডাকঘরঃ মনসাপুর, উপজেলাঃ হাকিমপুর, জেলাঃ দিনাজপুর।

### অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো :

- ১। মহাপরিচালক, মাদরাসা শিক্ষা অধিদপ্তর, রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩, ৩৭/৩/এ, ইফাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০।
- ২। মহাপরিচালক, মাউশি, আব্দুল গণি রোড, ঢাকা-১২১১।
- ৩। চেয়ারম্যান, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, বকশী বাজার, ঢাকা-১২১১।
- ৪। রেজিস্ট্রার, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (একাডেমিক কমিটির সভায় রিপোর্ট করার জন্য)।
- ৫। পি.এস টু ভিসি (দায়িত্বপ্রাপ্ত), উপাচার্য দপ্তর (উপাচার্য মহোদয়ের সদয় অবগতির জন্য), ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।
- ৬। আইসিটি বিভাগ, ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ৭। সভাপতি, হাবিবপুর সিদ্দিকীয়া ফাজিল মাদরাসা, ডাকঘরঃ মনসাপুর, উপজেলাঃ হাকিমপুর, জেলাঃ দিনাজপুর।
- ৮। অফিস নথি।

অধি/নবায়ন/ফাইল নং- রংপুর-১৫০